দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 04 APR 1989
পৃষ্ঠা 1 কলাম 3

008

# আজ বাকসু নির্বাচন

ময়মনসিংহ, ৩রা এপ্রিল (নিজস্ব সংবাদদাতার ফোন)।-- বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (বাকসু) নির্বাচন দীর্ঘ ১০ বছর পর আগামীকাল মঙ্গলবার অনুষ্ঠিত হতে যাচ্ছে। আজ সকাল ৮টা থেকে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## বাকসু নির্বাচন

(১ম পাতার পর)

সকল নির্বাচনী প্রচারণা বন্ধ হয়ে গেছে।

মোট ৫টি প্যানেল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। এর মধ্যে রয়েছে ছাত্রলীগ (সু-র) ছাত্র ইউনিয়ন ও জাতীয় ছাত্রলীগ মনোনীত ফায়েজুল দাদন পরিষদ, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, ছাত্রলীগ (মু-না) ও বিপ্লবী ছাত্র মৈত্রী মনোনীত শামসুল-রতন পরিষদ ও জাতীয়তাবাদী ছাত্র দল মনোনীত সুমন-কিংশুক পরিষদ, ছাত্র-শিবির মনোনীত রব্বানী-আলমগীর পরিষদ এবং বিপ্লবী ছাত্র মঞ্চ মনোনীত অসি-চঞ্চল পরিষদ।

ভিপি পদে ৬ জন ও জি এস পদে ৫ জনসহ বাকসুর মোট ১৫টি পদের জন্য ৯৯ জন প্রার্থী এবং ৯টি হলের ১২৬টি পদের জন্য মোট ৬শ ৪০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সুষ্ঠু ভাবে নির্বাচন অনুষ্ঠানের জন্য শিক্ষক কর্মচারীদের নিয়ে ৩১টি সাব-কমিটি গঠন করেছেন। সকাল ৮টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। এবার মোট ভোটারের সংখ্যা হচ্ছে ৩ হাজার ৮শ'৩০।

নির্বাচন উপলক্ষে বিদ্যালয়ের নিরাপত্তাব্যবস্থা জোরদার করা হয়েছে। সর্বশেষ খবর পাওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি শান্ত ছিল।